



প্রেস ইনসিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন: ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ফ্লাইন: www.pib.gov.bd, ইমেইল: dg@pib.gov.bd, dgpib@yahoo.com সোশ্যাল মিডিয়া: fb.com/pib.gov.bd



পিআইবি'র এপিএ টিমের ২৮.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

প্রেস ইনসিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর এপিএ টিম-এর সভা ২৮.০৬.২০২২ তারিখ বেলা ৩.০০ টায় পরিচালক (প্রশাসন) ও এপিএ টিম-এর আহবায়ক জনাব মোহাম্মদ আফরাজুর রহমান-এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

ক্র. নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আফরাজুর রহমান পরিচালক (প্রশাসন)	আহবায়ক, এপিএ টিম
২.	মো. মিজানুর রহমান সহকারী সম্পাদক (ফিচার)	সদস্য
৩.	পারভীন সুলতানা রাবী প্রশিক্ষক	সদস্য
৪.	ড. কামরূল হক গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব	সদস্য
৫.	মো. জাকির হোসেন উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব	সদস্য
৬.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞ্চাঁ মেইনটেন্যাল ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)	সদস্য

সভাপতি সকলকে স্বাগত জানান। তিনি কমিটির সদস্য ও উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে ২০২১-২০২২ সালের (এপ্রিল-জুন) মেয়াদে এপিএ টিম-এর ত্রৈমাসিক অঞ্গগতি সভা পরিচালনার আহবান জানান। সেই প্রেক্ষিতে উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব ২০২১-২০২২ সালের (এপ্রিল-জুন) পর্যন্ত পিআইবি'র অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের কার্যক্রমের অঞ্গগতি উপস্থাপনের জন্য প্রশিক্ষক বেগম পারভীন সুলতানা রাবীকে অনুরোধ জানান। বেগম পারভীন সুলতানা রাবী বলেন, উক্ত সময়ে ১৩টি প্রশিক্ষণ ও ১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এতে মোট ৪৫৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। অনলাইন কোর্সের ৮টি বিষয় চালু রয়েছে। চলতি ত্রৈমাসিকে ১২৮০ জন ছাত্র অনলাইনে ভর্তি হয়েছে।

সহকারী সম্পাদক (ফিচার) জনাব মিজানুর রহমান বলেন, উক্ত মেয়াদে ৭টি গ্রন্থ, ২টি নিরীক্ষা ও ১০টি ফিচার প্রকাশিত হয়েছে।

গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব ড. কামরূল হক বলেন, ৪টি গবেষণা সম্পন্ন হয়েছে। এ সময়ে ৪৭৪ জন পাঠককে লাইব্রেরী সেবা দেয়া হয়েছে এবং ৫,২৩০টি ক্লিপিং সংরক্ষণ করা হয়েছে।

উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংযোজনী ৪, জাতীয় শুন্দিচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অঞ্গগতি তুলে ধরেন। তিনি বলেন, শুন্দিচার বিষয়ে আবাসিক প্রশিক্ষণার্থীদের ২টি প্রশিক্ষণ, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত Stakeholder গণের অংশগ্রহণে ২টি মতবিনিময় সভা, দুটীতি প্রতিরোধ নিয়ে ২টি প্রশিক্ষণ ও শুন্দিচার বিষয়ে ১টি প্রশিক্ষণ এ মেয়াদে অনুষ্ঠিত হয়েছে।

সংযোজনী ৫, ই-গৰ্ভনেগ ও উত্তোলন কর্মপরিকল্পনা নিয়ে ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

সংযোজনী ৬, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে ১.১ কার্যক্রমে ওয়েবসাইটে আপলোড করা হবে। ২.২ কার্যক্রমে চলতি ত্রৈমাসিকে উৎৰ্বর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে। ২.৩ অনুসারে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ করা হবে। ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।


সংযোজনী ৭, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা সিটিজেন চার্টার বাস্তবায়ন কমিটির সভায় পর্যালোচনা করা হয়েছে। এতে চলতি বছরে অর্জিত মান ২৫।

সংযোজনী ৮, তথ্য অধিকার আইন কর্মপরিকল্পনার পরিপ্রেক্ষিতে চলতি বছরে অঘগতির অর্জিত মান ২৫।

আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. পিআইবি'র সকল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়ে ই-নথির ব্যবহার বাড়াতে সুরক্ষিত হতে হবে।
২. এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের অনুরোধ করা হয়।

সভাপতি বলেন, এপিএ টিমের সকল সদস্যর অংশগ্রহণে একটি কার্যকর সভা হয়েছে। তিনি বলেন, এপিএ-এর কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতায় স্বমূল্যায়নে পিআইবি ১৯৮.৯ নম্বর অর্জণ করেছে। সেজন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


26/6/2022
(মোহাম্মদ আফরাজুর রহমান)
পরিচালক (প্রশাসন) ও
আহবায়ক
এপিএ টিম